তারিখ 04 FEB 1993
পৃষ্ঠা ১২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# সরকার ইসলামী ভার্সিটি ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কে কোন সিদ্ধান্ত নেন নাই

প্রেসনোট

সংবাদপত্রে ইসলামিক বিশ্ববিদ্যালয়ের পাঠ্য বিষয় সম্পর্কিত সংবাদ ও সম্পাদকীয়ের ব্যাপারে গতকাল এক প্রেসনোটে বলা হয়, বর্তমান সরকার ইসলামী বিশ্ব-

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## সরকার ইসলামী ভার্সিটি

(শেষ পৃঃ পর)

বিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কোন নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। বিশ্ববিদ্যালয় একটি স্বশাসিত প্রতিষ্ঠান এবং সরকার কখনো বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্রম বিষয়ে কোনরকম হস্তক্ষেপ করেন না। ইসলামী ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয় এমন কোন পদক্ষেপ বর্তমান সরকারের আমলে গৃহীত হয় নাই।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়াছে যে, ইসলামের ইতিহাস ও লোক প্রশাসনকে সাবসিডিয়ারী বিষয় হইতে পূর্ণাঙ্গ বিভাগে উন্নীত, ইংরেজী ভাষা ও সাহিত্য ফাংশানাল বিষয় হইতে পূর্ণাঙ্গ বিভাগে উন্নীত, বাংলা ভাষা ও সাহিত্য নূতন বিভাগ খোলা হইয়াছে। আরবী ভাষা ও সাহিত্য আগে পড়ানো হইত না। নূতন বিভাগ খোলা হইয়াছে। পাঠ্যক্রমের পরিবর্ধন সম্পর্কে একাডেমিক কাউন্সিল এবং সিণ্ডিকেট ১৯৮৯ সালেই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিল। বিশ্ববিদ্যালয়-স্থানান্তরের প্রেক্ষিতে এই সিদ্ধান্তগুলি আগে বাস্তবায়ন করা সম্ভব হয় নাই।